গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৪ শাখা
www.mole.gov.bd

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সেপ্টেম্বর, ২০২১ মাসের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

**সভাপতি** : **বেগম মন্নুজান সুফিয়ান, এমপি**
প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
**সভার স্থান** : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২২, বিল্ডিং-০৭, বাংলাদেশ সচিবালয়)
**সভার তারিখ** : ৩১ অক্টোবর, ২০২১ বিকাল ০৩.০০ ঘটিকা।
**উপস্থিতি তালিকা** : **পরিশিষ্ট 'ক'**।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। তিনি চলমান এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সমাপ্ত করতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। কয়েকটি সমাপ্ত প্রকল্প মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য প্রস্তুত করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সংশ্লিষ্ট সকলকে প্রকল্পসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা গ্রহণের আহ্বান জানান। তিনি যথাযথ পর্যালোচনার জন্য এডিপি পর্যালোচনা সভা নিয়মমত প্রতি মাসে আয়োজনের বিষয়ে গুরুত্বারোপ করেন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান যে, ২০২১-২২ অর্থ-বছরের এডিপি-তে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় ০৯টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে (০৭টি বিনিয়োগ ও ০২টি কারিগরি সহায়তা প্রকল্প)। প্রকল্প সমূহের অনুকূলে মোট ১৮০৭৩.০০ লক্ষ (জিওবি ১২৩৫০.০০ লক্ষ ও প্রকল্প সাহায্য ৫৭২৩.৯৯ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। এডিপি বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ১৫৮৪.২ লক্ষ (জিওবি ৭৫৫.৬১ লক্ষ ও প্রকল্প সাহায্য ৮২৮.৫৯ লক্ষ) টাকা, যা বরাদ্দের ৮.৭৬ % (জিওবি ৬.১১% ও প্রকল্প সাহায্য ১৪.৪৭%)। সভায় গত ২২/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং এতে কোন মন্তব্য বা সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদন করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সভায় আলোচ্যসূচি অনুযায়ী দপ্তরভিত্তিক প্রকল্পের তথ্যাবলি উপস্থাপন করেন।

### ০২. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়:

সভায় জানানো হয় যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে ২০২১-২২ অর্থ বছরে ০৩ টি প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। ০১ টি বিনিয়োগ প্রকল্প, প্রকল্প অফিসের মাধ্যমে ও ০২ টি কারিগরি সহায়তা প্রকল্প মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগের তত্ত্বাবধানে আইএলও কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প সমূহের বিপরীতে ২০২১-২২ অর্থ বছরে মোট ৮৭২৩.০০ লক্ষ টাকা (জিওবি ৩০০০.০০ লক্ষ টাকা এবং কারিগরি সহায়তা ৫৭২৩.০০ লক্ষ টাকা) বরাদ্দ রয়েছে। প্রকল্পসমূহের ভৌত ও আর্থিক বাস্তবায়ন সহ গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

### ২.১ বাংলাদেশে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) প্রকল্প:

উপসচিব (পরিকল্পনা) সভায় জানান যে, প্রকল্পটি জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক কর্মরত রয়েছেন। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২৮৪৪৯.০৮ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত আর্থিক অগ্রগতি ০.১৮%। প্রকল্পটির সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২১৯.৭৩ লক্ষ টাকা (আর্থিক: ০.৭১%, ভৌত: ৮%)। প্রকল্পটির অনুমোদিত কর্মপরিকল্পনা পাওয়া গিয়েছে এবং তা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান গত সভার সিদ্ধান্ত অনুযায়ী ০৬ মাস মেয়াদী উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শুরু করার জন্য নির্বাচিত ১১২ টি এনজিওর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এটি শুরু করার পূর্বে নভেম্বর-ডিসেম্বর, ২০২১ এর মধ্যে এনজিও'র মাধ্যমে ১৪ টি এলাকায় জরিপ করা হবে। জরিপের তথ্যের উপর ভিত্তি করে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে জানুয়ারি, ২০২২ হতে ০৬ মাস মেয়াদী উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শুরু করা হবে। উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শেষ হলে জুলাই, ২০২২ হতে ০৪ মাস মেয়াদী

দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা যাবে। জনবল নিয়োগের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নিয়োগ কমিটির পরবর্তি স আগামী ০৪ নভেম্বর, ২০২১ তারিখে আহ্বান করা হয়েছে। কয়েকটি পদে নিয়োগ সংক্রান্ত মামলা বর্তমানে মহামান্য হাইকোর্টে শুনানীর পর্যায়ে রয়েছে। তিনি আরো জানান যে, প্রকল্পের ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০২ বছর বৃদ্ধির জন্য গত ১১ সেপ্টেম্বর,২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। চলতি অর্থবছরে ৩০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। অতিরিক্ত ৫০ কোটি টাকা বরাদ্দের জন্য দ্রুত পরিকল্পনা কমিশনে প্রত্র প্রেরণ করা হবে। প্রকল্পের সভাসমূহ নিয়মিত আয়োজন করা হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিশেষ করে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত প্রকৃত শিশুদের খুঁজে বের করা, প্রশিক্ষণ প্রদান এবং মাঠ পর্যায়ে কার্যক্রমের নিবিড় তদারকরি উপর গুরুত্ব আরোপ করা হয়।

**২.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের মূল উদ্দেশ্য পূরণকল্পে দ্রুত শিশুদের উপানুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করে কার্যক্রম শুরু করতে হবে; জেলা পর্যায়ে অবস্থিত শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

খ. জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত মামলার নিবিড় তদারকি করতে হবে। প্রয়োজনে অন্যদপ্তর হতে জনবল সংযুক্ত করতে হবে;

গ. প্রকল্পের মেয়াদবৃদ্ধির অগ্রগতি তদারকি ও অতিরিক্ত অর্থবরাদ্দ বিষয়ে অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে হবে;

ঘ. প্রকল্পের আওতায় ডাটাবেজ (এমআইএস) তৈরি কাজটি অবিলম্বে শুরু করতে হবে। এ ডাটাবেজ ব্যবহার করে ১১২ টি এনজিও ও দেশব্যাপী ০১ লক্ষ শিশুর শিক্ষা ও দক্ষতা প্রশিক্ষণ কার্যক্রমকে মনিটরিং করা সহজ হবে। প্রয়োজনে মন্ত্রণালয়ের আইসিটি সেল এর সাহায্য নেয়া যেতে পারে এবং

ঙ. প্রকল্প পরিচালকের অনুকূলে ই-নথি আইডি না থাকায় প্রকল্প বাস্তবায়ন যোগাযোগ বাধাগ্রস্থ হচ্ছে। মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নিয়ন্ত্রণে প্রকল্প পরিচালক, ঝুকিপূর্ণ শিশুশ্রম নিরসন (৪র্থ পর্যায়) এর অনুকূলে একটি ই-নথি আইডি আইসিটি শাখা হতে তৈরি করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, পরিকল্পনা-০১ শাখা, আইসিটি সেল।**

## ২.২ Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in the Bangladesh RMG Industry প্রকল্প:

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৬ হতে জুন ২০২১ মেয়াদে আইএলও কর্তৃক মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬৬০২.০৭ লক্ষ টাকা (পিএ) এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১৯০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ২৪০.১৮ লক্ষ টাকা অবমুক্তি ও ব্যয় হয়েছে, যা বরাদ্দের ১২.৬৪%। প্রকল্পটির সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫০৪৬.১৮ লক্ষ টাকা। যুগ্মসচিব (আইও) সভায় জানান যে, প্রকল্পের মূল উদ্দেশ্য পোষাক শিল্প সেক্টরে শিল্প সম্পর্ক উন্নয়ন করা। এতে শ্রম অধিদপ্তর, মালিকপক্ষ এবং শ্রমিকদের সক্ষমতা বৃদ্ধির ০৩ টি পৃথক কার্যক্রম রয়েছে। প্রকল্পের আওতায় শ্রমিকদের সক্ষমতা বৃদ্ধির জন্য Workers Resource Centre (WRC ) গঠন করা হয়েছে। প্রকল্পটির ৪র্থ Project Advisory Committee (PAC) সভা গত ২১/০৬/২০২১ তারিখে এবং Project Coordination Committee (PCC) এর ৫ম সভা গত ১৪/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে। গত ২৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটি সংশোধনের প্রস্তাব আইও শাখা পরিকল্পনা কমিশনে প্রেরণ করেছে।

**২.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্প সংশোধনের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে;

খ. PAC এবং PCC কমিটি সমূহের সভা নিয়মিত আয়োজন করতে হবে;

গ. আইএমইডি কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক স্বাক্ষরিত মাসিক (ফরম-০৫) ও ত্রৈমাসিক (ফরম-০৩) অগ্রগতি প্রতিবেদন পরিকল্পনা-০৪ শাখায় প্রেরণ করতে হবে;

ঘ. ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প কাজ সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে;

**বাস্তবায়ন: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও**

## ২.৩ Improving Working Conditions in the RMG Sector– (RMGP-2) প্রকল্প:

সভায় জানানো হয়, কারিগরি সহায়তা প্রকল্পটি জুলাই ২০১৭ হতে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২০৩৫৮.৩৭ লক্ষ টাকা (পিএ)। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩৮২৩.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ৫৮৮.৪১ লক্ষ টাকা অর্থছাড়/অবমুক্ত এবং ব্যয় হয়েছে, যা বরাদ্দের ১৫.৩৯%। প্রকল্পটির সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪২৯৫.১৩ লক্ষ টাকা। যুগ্মসচিব (আইও) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করে জানান যে, প্রকল্পটির মূল উদ্দেশ্য পোষাক শিল্প সেক্টরে শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণ। প্রকল্পটির PAC কমিটি এর ৪র্থ সভা গত ২১/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটির PCC কমিটি নেই। তবে এ সংশ্লিষ্ট National Tripartite Plan of Action (NTPA) বাস্তবায়ন ও মনিটরিং এর উদ্দেশ্যে সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত National Tripartite committee (NTC) রয়েছে। সচিব মহোদয় NTC এর সভা আগামি মাসে আহ্বানের জন্য সভায় নির্দেশনা প্রদান করেন।

**২.৩.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পের PAC সভা নিয়মিত আয়োজন করতে হবে;

খ. National Tripartite committee (NTC) নভেম্বর, ২০২১ মাসে আহ্বান করতে হবে।

গ. আইএমইডি কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক মাসিক (ফরম-০৫) ও ত্রৈমাসিক (ফরম-০৩) অগ্রগতি প্রতিবেদন পরিকল্পনা শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে এবং

ঘ. ক্রয়পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্প সমাপ্ত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে: আন্তর্জাতিক সংস্থা (আইও) অনুবিভাগ ও আইএলও**

## ০৩. শ্রম অধিদপ্তর (ডল):

সভায় জানানো হয় যে, শ্রম অধিদপ্তরের ২০২১-২২ অর্থ বছরে ০২ টি বিনিয়োগ প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্প দুটির বিপরীতে ২০২১-২২ অর্থ বছরে ১৬১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ৪০৩.৩৭ লক্ষ টাকা অবমুক্ত হয়েছে তবে কোন অর্থ ব্যয় হয়নি। সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ গত ২২ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

## ৩.১ রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধনী):

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক হিসেবে অধিদপ্তরের একজন পরিচালক দায়িত্ব পালন করছেন এবং প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যান সংস্থা (এসকেএস) কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ৩০০.০০ লক্ষ টাকা অর্থ অবমুক্ত হলেও কোন অর্থ ব্যয় হয়নি। প্রকল্পটির সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫০০১.৯ লক্ষ টাকা (আর্থিক: ৮১.০৮% ও ভৌত: ৯৫%)। গত ০২ অক্টোবর, ২০২১ তারিখে মহাপরিচালক, শ্রম অধিদপ্তরের নেতৃত্বে প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। মহাব্যবস্থাপক, সেনা কল্যাণ সংস্থা সভায় জানান যে, যথাসময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করা সম্ভব হবে। প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের অডিট যথাসময়ে সম্পন্ন করা হবে এবং প্রকল্প সমাপ্তির পর যথাসময়ে আইএমইডি ফরম ০৪ মোতাবেক প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর প্রকল্পটির কাজ তরান্বিত করতে সেনা কল্যান সংস্থাকে আরো তৎপর হওয়ার অনুরোধ জানান। সভাপতি মহোদয় প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

**৩.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্প পরিদর্শন প্রতিবেদন দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

খ. ১৫ নভেম্বর,২০২১ এর মধ্যে ফার্নিচার সরবরাহ করে বিল দাখিল করতে হবে;

গ. বৈদ্যুতিক লোড ক্যালকুলেশন করে দ্রুত বৈদ্যুতিক সংযোগ দিতে হবে;

ঘ. কাজের গুণগতমান বজায় রেখে নভেম্বের, ২০২১ এর মধ্যে নির্মান কাজ সমাপ্ত করতে হবে;
ঙ. প্রকল্পের অডিট সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে;
চ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে আইএমইডি ফরম ০৪ অনুসারে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং
ছ. প্রকল্পটি ডিসেম্বর, ২০২১ মাসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

**৩.২ নারায়নগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুরঘাটে মহিলা হোস্টেল এবং শ্রম কল্যান কেন্দ্র নির্মান প্রকল্প (১ম সংশোধিত):**

সভায় জানানো হয় প্রকল্পটি এপ্রিল ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্প পরিচালক হিসেবে অধিদপ্তরের একজন পরিচালক দায়িত্ব পালন করছেন এবং প্রকল্পটি ডিপিএম সেল, সেনা কল্যান সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১৪০০.৪৪ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৪১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এ বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ১০৩.৩৭ লক্ষ টাকা অর্থ ছাড় হলেও কোন ব্যয় হয়নি। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ০.০০%। প্রকল্পটির সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৮২৭৭.৬৯ লক্ষ টাকা (আর্থিক: ৮১.৯১%, ভৌত: ৮৭%)। ডিসেম্বর ২০২১ এর মধ্যে প্রকল্প কাজ সমাপ্ত করতে ১৬৪৬.৮২ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। অতিরিক্ত বরাদ্দের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে গত ১১/১০/২০২১ তারিখ ৪০.০০.০০০০.০২৬.১৪.০০৫.২১-২৭ নং স্মারকে পত্র পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। শ্রমজীবী মহিলা হোস্টেল আবাসন সুবিধাভোগীদের বাছাই ও নির্বাচন সংক্রান্ত অনুমোদিত নির্দেশিকাটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে কিন্তু পত্রিকা বিজ্ঞপ্তি প্রকাশ করা যায়নি। প্রকল্পের কাজের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ে নির্মাণ কাজ সমাপ্ত করার কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু প্রকল্পে ভৌত অগ্রগতি সন্তোষজনক না হওয়ায় সেনা কল্যান সংস্থা প্রকল্পটির মেয়াদ আরোও ০৬ মাস বৃদ্ধির প্রস্তাব করেছে যা গত পিআইসি সভায় আলোচনাক্রমে সুপারিশ করা হয়েছে। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর সভায় জানান যে, গত ০৩ অক্টোবর, ২০২১ প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করে প্রকল্প কাজ দ্রুত সমাপ্ত করার নির্দেশনা প্রদান করা হয়। পরিদর্শন প্রতিবেদন দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মহাব্যবস্থাপক,সেনা কল্যাণ সংস্থা প্রকল্পের অগ্রগতি বিষয়ে জানান যে, প্রকল্পের নারায়নগঞ্জ অংশের কাজ আগামী ০১ মাসের মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে কিন্তু চট্টগ্রাম কালুরঘাট অংশে বেশ কিছু কাজ অসম্পূর্ণ থাকায় তা সমাপ্ত করা সম্ভব হবে না। এ বিষয়ে সচিব মহোদয় প্রধানমন্ত্রী সর্বোচ্চ অগ্রাধিকার উল্লেখ করে প্রকল্পসমূহ আগামী ডিসেম্বর, ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য নির্ধারিত থাকায় তার পূর্বে নারায়নগঞ্জ বন্দর অংশের নির্মাণ কাজ আবশ্যিকভাবে সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। চট্টগ্রাম কালুরঘাট অংশে প্রকল্প কাজ সমাপ্ত করার লক্ষ্যে মেয়াদ আরো ০৬ মাস বৃদ্ধির বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**৩.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. দ্রুত পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
খ. প্রকল্প কাজের গুণগতমান বজায় রেখে নারায়নগঞ্জ, বন্দর অংশের কাজ নভেম্বর, ২০২১ মাসের মধ্যে সমাপ্ত করতে হবে;
গ. চট্টগ্রামের কালুরঘাট অংশের কাজ যথাযথভাবে সমাপ্তির জন্য প্রকল্পের মেয়াদ ০৬ মাস বৃদ্ধির জন্য পিএসসি সভা আহ্বান সহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এএমএস ও আইবাস সফটওয়ারের আপডেট করতে হবে;
ঘ. ৩য় কিস্তির অর্থছাড়ের জন্য মন্ত্রণালয়ের এবং ৪র্থ কিস্তি অর্থছাড়ে অর্থবিভাগের সম্মতির জন্য যথাযথ প্রক্রিয়ায় কোড ভিত্তিক বরাদ্দ ও ব্যয় বিভাজন এবং যৌক্তিকতাসহ আবেদন করতে হবে;
ঙ. শ্রমজীবী মহিলা হোস্টেলের সুবিধাভোগী নির্বাচন বিষয়ে দ্রুত পত্রিকা বিজ্ঞপ্তি প্রদান করতে হবে;

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল), পরিকল্পনা শাখা।**

## ০৪. কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ):

সভায় জানানো হয় যে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ডাইফ) এর ২০২১-২২ অর্থ বছরে ০৪ টি বিনিয়োগ প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্প সমূহের বিপরীতে ২০২১-২২ অর্থ বছরে ৭৭৩৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ১১৮২.২৫ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ গত ২২ সেপ্টেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়।

### ৪.১ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট নির্মাণ প্রকল্প:

সভায় জানানো হয় প্রকল্পটি সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে । প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত রয়েছেন এবং প্রকল্পটি ডিপিএম পদ্ধতিতে সেনা কল্যান সংস্থা কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ৩০০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব গত ২৯/০৯/২০২১ তারিখ ৪০.০০.০০০০.০২৬.১৪.০০৮.১৮-২০ স্মারকে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। প্রকল্পটির সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮৪.৫১ লক্ষ টাকা (আর্থিক: ৩৫% এবং ভৌত: ৫৫%)। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক জানান মূলভবনের পাইল লোড টেস্ট প্রতিবেদন সেনা কল্যান সংস্থা থেকে পাওয়া গেছে। দ্রুত আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। মহাপরিচালক, ডাইফ জানান যে, প্রকল্পের ডিপিপি প্রাক্কলন, নকশা ইত্যাদি জটিল সমস্যাগুলো সমাধান করে প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নের জন্য সংশোধন প্রস্তাব চুড়ান্ত করা হয়েছে। প্রস্তাব অনুসারে ডিপিপি সংশোধিত হলে প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন সম্ভব হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**৪.১.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রকল্পের আরডিপিপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং

খ) প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।

**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক; সেনা কল্যান সংস্থা (ডিপিএম সেল)**

### ৪.২ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ ও ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প:

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত রয়েছেন । প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ২২৯৪৩.৮৬ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে ২৬৮৫.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.১৯%। প্রকল্পটির সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৮০.৮৩ লক্ষ টাকা (আর্থিক: ২.৫৩% এবং ভৌত: ৮.৭৫%)। প্রকল্পের ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ৩১/১০/২০২১ তারিখে আইএমইডিতে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আওতায় টাঙ্গাইল জেলার জমি বরাদ্দের জন্য ভূমি মন্ত্রণালয় ও গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবরে ৩১ অক্টোবর, ২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। অন্য ০৫ টি জেলার জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন ৩১ অক্টোবর, ২০২১ তারিখে প্রদান করা হয়েছে। অবশিষ্ট মুন্সিগঞ্জ জেলার জমির প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। প্রকল্প পরিচালক জানান, শ্রম অধিদপ্তরের জমিতে ডাইফের ভবন নির্মানের জটিলতা নিরসনের জন্য একটি কমিটি গত পিএসসি সভার সিদ্ধান্ত মতে গঠন করা হয়েছে। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর সভায় বলেন আলোচনার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের জটিলতা নিরসনের প্রচেষ্টা গ্রহণ করতে হবে। সচিব মহোদয় প্রস্তাবিত ০৬ টি জেলায় শ্রম অধিদপ্তরের জমিতে উঁচু ভবন নির্মাণ করে ফ্লোর শেয়ারিং করে দ্রুত সংশোধিত প্রস্তাব দেয়ার জন্য কমিটির দৃষ্টি আকর্ষণ করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**৪.২.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) প্রকল্পের মেয়াদ বৃদ্ধির অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে;
খ) কমিটির সুপারিশসহ সংশোধনী প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং
গ) ভূমি অধিগ্রহণ প্রকৃয়া দ্রুত সম্পন্ন করে বরাদ্দকৃত অর্থ যথাসময়ে ব্যয়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে;
**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট কমিটি।**

### ৪.৩ রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর কারেক্টিভ একশন প্লান (ক্যাপ) বাস্তবায়ন প্রকল্প:

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত রয়েছেন। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৩০০.০০ লক্ষ টাকা এবং ২০২১-২২ অর্থ বছরে এডিপি-তে ৪১২.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ৪৪.১২ লক্ষ টাকা ব্যয় হয়েছে, প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ১০.৭০%। সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ১৭১০.৫৬ লক্ষ টাকা। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভায় জানান প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত হবে। প্রকল্পের অডিট সম্পন্ন করার লক্ষ্যে গত ২৫/১০/২০২১ তারিখ ৫৫৬ নং স্মারকমূলে মহাপরিচালক, সামাজিক নিরাপত্তা অডিট অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) তৈরির কাজ কাজ চলছে। নির্ধারিত সময়ে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

**৪.৩.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. প্রকল্প কাজ ডিসেম্বর ২০২১ এর মধ্যে সম্পন্ন করতে হবে;
খ. যথাসময়ে প্রকল্পের অডিট সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং
গ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর দাখিল করতে হবে।
**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক**

### ৪.৪ নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি নিরুপণ প্রকল্প:

সভায় জানানো হয় প্রকল্পটি জুলাই ২০১৯ হতে জুন ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প পরিচালক হিসেবে অধিদপ্তরের একজন যুগ্ম-মহাপরিদর্শক দায়িত্ব পালন করছেন। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৪৭১২.৫৭ লক্ষ টাকা। ২০২০-২১ অর্থ বছরে এডিপি-তে ১৬৩৮.০০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত ৪০৯.০০ লক্ষ টাকা অর্থছাড় ও ৩৭৪.৮৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আর্থিক অগ্রগতি বরাদ্দের ২২.৮৮%। প্রকল্পটির সেপ্টেম্বর /২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৬৪১.৬৬ লক্ষ টাকা। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অভহিত করেন যে, প্রকল্পের কাজ যথাসময়ে সমাপ্ত হবে। অডিট সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যথাসময়ে পিসিআর প্রেরণ করা হবে। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়।

**৪.৪.১ সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:
ক. প্রকল্পের বাস্তবায়ন কাজ যথাসময়ে সমাপ্ত করতে হবে;
খ. প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং
গ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রদান করতে হবে।
**বাস্তবায়ন: প্রকল্প পরিচালক**

### ৪.৫ Employment Injury Protection Scheme (EIPS) for the Workers in the Textile and Leather Industries প্রকল্প:

সভায় জানানো হয় কারিগরি সহায়তা প্রকল্পটি ডাইফের তত্ত্বাবধানে জিআইজেড কর্তৃক জুলাই,২০১৭ হতে জুন, ২০২০ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫৮৯৮.৭৬ (পিএ) লক্ষ টাকা। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ নেই। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতির হার ৯২.০০%। জিআইজেড এর অনুরোধে প্রকল্পটির মেয়াদবৃদ্ধি ও আরটিএপিপি সংশোধন বিষয়ে ০৮/০৯/২০২১ তারিখে অনুষ্ঠিত ডিএসপিইসি সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গত ২৭ অক্টোবর, ২০২১ তারিখে ৪০.০০.০০০০.০২৮.১৪.০১২.২১.১২ নং স্মারকমূলে পরিকল্পনা কমিশনে

প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত হবে মর্মে ফোকাল পার্সন সভায় জানান। মহাপরিদর্শক, ডাইফ জানান প্রকল্পটি ডাইফের কার্যক্রমকে যথাযথ সাহায্য করছে। এ বিষয়ে সভায় আলোচনা হয়।

৪.৫.১ সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. প্রকল্পটির আরটিএপিপি সংশোধন এবং মেয়াদবৃদ্ধির অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে;
খ. আইবাস এবং এএমএস সফটওয়্যারে সংশোধনী হালনাগাদ করণের পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং
গ. প্রকল্পটি সমাপ্তিতে যথাসময়ে পিসিআর মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
বাস্তবায়ন: ফোকাল পার্সন (ডাইফ) এবং জিআইজেড ।

**০৫। এডিপিভুক্ত অননুমোদিত নতুন প্রকল্প:**
সভায় জানানো হয় ২০২১-২২ অর্থ বছরে এডিপি তে সুপারিশকৃত অননুমোদিত নতুন ০৭ টি প্রকল্প রয়েছে। এর মধ্যে ০৩ টি শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত এবং ০৪ টি ডাইফ কর্তৃক প্রস্তাবিত। এ প্রকল্পগুলোর মধ্যে ০৪টি উচ্চ অগ্রাধিকার এবং ০৩ টি মধ্যম অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্প। প্রকল্পের এএমএস সফটওয়্যারে অন্তর্ভুক্তির তথ্য সভায় উপস্থাপন করা হলো। এছাড়া পিপিপির আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ০৩ টি প্রকল্প রয়েছে। প্রকল্পগুলো নিম্নরূপ: **(পরিশিষ্ট-খ)**

**শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত বিনিয়োগ প্রকল্প ০৩ টি :**

১। শ্রম অধিদপ্তরের আওতাধীন টঙ্গী শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মাণ ও আধুনিকায়ন' প্রকল্প:
প্রস্তাবিত প্রকল্পটির পুনর্গঠিত ডিপিপি গত ১৯/০৯/২০২১ তারিখে ৪০.০০.০০০০.০২৬.১৪.০৮৭.১৮.১৮ স্মারকমূলে মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ডিপিপি বিষয়ে একটি পত্র পরিকল্পনা কমিশন হতে পাওয়া গিয়েছে। পরিকল্পনা কমিশনের কোয়ারির জবাব প্রস্তুত করে দ্রুত বিবেচনার জন্য প্রেরণ করা হবে।

২। শ্রম অধিদপ্তরাধীন খুলনা ও বরিশালে ০২ (দুই) টি বহুতল আধুনিক শ্রম ভবন নির্মাণ প্রকল্প:
প্রকল্পটির প্রস্তাবিত ডিপিপি গত ১৯/০৯/২০২১ তারিখে ৪০.০০.০০০০.০২৬.১৪.০৮৭.১৮-১৯ স্মারকমূলে মন্ত্রণালয় হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ডিপিপি বিষয়ে একটি পত্র পরিকল্পনা কমিশন হতে পাওয়া গিয়েছে। পরিকল্পনা কমিশনের কোয়ারির জবাব প্রস্তুত করে দ্রুত বিবেচনার জন্য প্রেরণ করা হবে।

৩। বঙ্গবন্ধু জাতীয় শ্রম উন্নয়ন ইনস্টিটিউট প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।

**ডাইফ কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত বিনিয়োগ প্রকল্প ০৪ টি:**

১। লেবার মার্কেট ইনফরমেশন সিস্টেম (LMIS) শীর্ষক প্রকল্প :
প্রকল্পটির সম্ভাব্যতা যাচাইয়ের জন্য পরামর্শক নিয়োগ করা হয়েছে। ডিসেম্বর, ২০২১ এর মধ্যে ডিপিপি প্রেরণ করা হবে। প্রকল্পটি বিষয়ে একটি অধিযাচনপত্র সভাপতি মহোদয়ের নির্দেশনার আলোকে সমন্বয় শাখা হতে পরিকল্পনা শাখায় পাওয়া গেছে। পত্রটির মর্মানুসারে ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, ডাইফ বরাবরে প্রেরণ করা যায়।
২। ঝুঁকিপূর্ণ কারখানার দুর্ঘটনা হ্রাসকরণ প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।
৩। কর্মক্ষেত্রে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।
৪। পেশাগত ব্যাধি প্রতিরোধ কর্মসূচি, চিকিৎসা ও ক্ষতিপূরণ শীর্ষক প্রকল্প: ডিপিপি পাওয়া যায়নি ।

**পিপিপি'র আওতায় শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত অননুমোদিত প্রকল্প ০৩ টি:**

১। চৌমুহনী শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মাণ ও আধুনিকীকরণ এবং ২০০ শয্যার পেশাগত রোগ চিকিৎসায় হাসপাতাল নির্মাণ" শীর্ষক প্রকল্প:
অগ্রগতি : মন্ত্রণালয়ের নির্দেশনামতে পিপিপি'র আওতায় প্রকল্পটি বাস্তবায়িত করার কাজ এগিয়ে চলছে।
২। "ঘোড়াশাল শ্রম কল্যাণ কেন্দ্রের পুনর্নির্মাণ ও আধুনিকীকরণ এবং ২০০ শয্যার পেশাগত রোগ চিকিৎসায় হাসপাতাল নির্মাণ" শীর্ষক প্রকল্প :
অগ্রগতি : মন্ত্রণালয়ের নির্দেশনামতে পিপিপি'র আওতায় প্রকল্পটি বাস্তবায়িত করার কাজ এগিয়ে চলছে।

৩। Development of Occupational Diseases Hospital, Labor Welfare Center and Commercial Complex at Chasara প্রকল্প:

**অগ্রগতি :** আলোচ্য প্রকল্পের আওতায় চুক্তি বাতিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

**০৬. অন্যান্য প্রকল্প ও প্রকল্প প্রস্তাব:** মন্ত্রণালয়ের আওতায় অন্যান্য প্রকল্প ও প্রকল্প প্রস্তাব বিষয়ে সভায় আলোচনা করা হয়

**৬.১ শ্রম অধিদপ্তরাধীন বিদ্যমান ৬টি জেলা কার্যালয় পুনর্নির্মাণ ও আধুনিকায়ন প্রকল্প:**

প্রকল্পটি এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। প্রাক্কলিত ব্যয় মোট ৫১৫৮.৬৩ লক্ষ টাকা (১ম সংশোধিত)। প্রকল্পের আওতায় খুলনা ,নারায়নগঞ্জ, বাগেরহাট, চট্টগ্রাম, বগুড়া ও গাইবান্ধা মোট ০৬টি জেলায় শ্রম অধিদপ্তর কার্যালয় পুনর্নির্মান ও আধুনিকায়ন করা হয়। প্রকল্পটি জুন ২০২১ মাসে সমাপ্ত হলেও অদ্যাবধি প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। দ্রুত পিসিআর পেরণের জন্য অনুরোধ জানানো হয়। সভাপতি মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী প্রকল্পের আওতায় নির্মিত ০৬ টি জেলা কার্যালয় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন :** মহাপরিচালক (শ্রম অধিদপ্তর) ও প্রকল্প পরিচালক।

**৬.২ Programmme for Sustainability in the Textile and Leather Sector (STILE) প্রকল্প :**

কারিগরি সহায়তা প্রকল্পটি জিআইজেড কর্তৃক ৮০ কোটি টাকা ব্যয়ে জুলাই ২০২০ থেকে জুন ২০২৩ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। এ প্রকল্পের উদ্দেশ্য হলো বাংলাদেশের বস্ত্র ও চামড়া শিল্পে সামাজিক ও পরিবেশগত মান উন্নয়নে কার্যক্রম পরিচালনা করা। প্রকল্পটি বাণিজ্য মন্ত্রণালয়, পরিবেশ অধিদপ্তর এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক যৌথভাবে বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে। প্রকল্প প্রস্তাবটি বিষয়ে গত ২১ সেপ্টেম্বর,২০২১ তারিখে বাণিজ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় জানানো হয় প্রস্তাবিত ৮০ কোটি টাকার ৮৮.৫০% অর্থাৎ ৭১.৫১ কোটি টাকা পরামর্শক সংশ্লিষ্ট খাতে প্রাক্কলন করা হয়েছে । সভায় এ খাতের প্রাক্কলন যৌক্তিকভাবে হ্রাসকরণ সহ মোট ১৫টি নির্দেশনা প্রদান করে সভার কার্যবিবরণী ২৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখে প্রেরণ করা হয়। সভায় প্রকল্প প্রস্তাবটির টিএপিপি সংশোধন বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মহাপরিদর্শক, ডাইফ কে অনুরোধ জানানো হয়। ডাইফ সংশ্লিষ্ট কার্যক্রম বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় সমন্বয়ের প্রস্তাব যথাযথ নয় মর্মে ইতোমধ্যে মতামত প্রদান করা হয়েছে।

**বাস্তবায়ন:** মহাপরিদর্শক (ডাইফ)।

**৬.৩ শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ২৭টি প্রকল্প :**

শ্রম অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত নতুন ২৭ টি প্রকল্প প্রস্তাব সমন্বয়ে একটি সংকলন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সংকলনটিতে প্রকল্প গ্রহণে নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়নি। ফলে কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। প্রকল্প প্রস্তাবগুলো যাচাই বাছাই করে নির্ধারিত ছক সংযুক্ত করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য শ্রম অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়ন:** মহাপরিচালক (শ্রম অধিদপ্তর)।

**৬.৪ শিশুশ্রম নিরসন ও পুর্নবাসন প্রকল্প:**

ডাইফ কর্তৃক প্রকল্পটির সম্ভাব্যতা যাচাইয়ের জন্য একজন পরামর্শক নিয়োগের প্রশাসনিক অনুমোদন গত ২১/১০/২০২১ তারিখে প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভাপতি মহোদয়ের নির্দেশনার আলোকে একটি অধিযাচন পত্র সমন্বয় শাখা হতে পাওয়া গিয়েছে। পত্রটির মর্মানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, ডাইফ বরাবরে প্রেরণ করা যায়।

**বাস্তবায়নে:** মহাপরিদর্শক (ডাইফ) ও পরিকল্পনা-০১ শাখা।

**৬.৫ কর্মসংস্থান অধিদপ্তর গঠন বিষয়ক প্রকল্প :**

এ বিষয়ে সভাপতি মহোদয়ের নির্দেশনার আলোকে একটি অধিযাচন পত্র সমন্বয় শাখা হতে পাওয়া গিয়েছে। পত্রটি বিষয়ে আগামী সভায় আলোচনাক্রমে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যায়।

**বাস্তবায়নে:** পরিকল্পনা-০১ শাখা।

**৬.৬ Implementation of the National Employment Injury Insurance Scheme in Bangladesh (EIIS):**

প্রকল্পটি আইএলও'র অর্থায়নে (ডিপিএ) গত জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৯ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। সম্প্রতি প্রকল্পটির পিসিআর প্রদানের জন্য আইএমইডি থেকে পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে যোগাযোগ করা হলে আইও শাখার মাধ্যমে আইএলও হতে একটি পিসিআর ই মেইলে পাওয়া গিয়েছে। কিন্তু পিসিআর হার্ডকপিতে সচিব মহোদয়ের স্বাক্ষরক্রমে আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন। বিধায় পিসিআরটির একটি স্বাক্ষরিত হার্ডকপি জরুরীভিত্তিতে পরিকল্পনা শাখায় প্রেরণের জন্য কর্মকর্তা আইএলওকে অনুরোধ জানানো হয়।

**বাস্তবায়নে:** আইও অনুবিভাগ, আইএলও।

**০৭. সাধারণ আলোচনা:**

সভাপতি মহোদয় উন্নয়ন বাজেট প্রণয়ণ ও যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সক্রিয় অংশগ্রহণের অনুরোধ জানান । তিনি বলেন শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে আরোপিত দায়িত্ব পালনকল্পেড় এবং শ্রমজীবী মানুষের কল্যানে নতুন নতুন প্রকল্প গ্রহণ করতে হবে। সচিব মহোদয় সভায় বলেন নির্বাচনী ইশতেহার ২০১৮, এসডিজি , পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ভিশন ২০৪১ প্রেক্ষিত পরিকল্পনা এর উদ্দেশ্যসমূহেকে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে এবং প্রকল্প প্রস্তাবে এ সকল নীতিমালার সংশ্লিষ্টতা উল্লেখ করতে হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পরিকল্পনা ও উন্নয়ন শাখা সমূহের সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। এজন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের বিষয়ে গুরুত্বারোপ করেন। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে সমাপ্ত করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। প্রকল্পের মেয়াদবৃদ্ধি বা ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে বিধিমোতাবেক যথেষ্ট সময় পূর্বে প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

**৭. ১ সাধারণ সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনাক্রমে প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে আরোপিত দায়িত্ব পালনকল্পে এবং শ্রমজীবী মানুষের কল্যাণে নতুন নতুন প্রকল্প গ্রহণ করতে হবে;

খ. প্রকল্প গ্রহণের ক্ষেত্রে নির্বাচনী ইশতেহার ২০১৮, এসডিজি, পঞ্চবার্ষিকী পরিকল্পনা, ভিশন ২০৪১ ২য় প্রেক্ষিত পরিকল্পনার এর উদ্দেশ্যসমূহকে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে এবং প্রকল্প প্রস্তাবে এ সকল নীতিমালার সংশ্লিষ্টতা উল্লেখ করতে হবে;

গ. প্রকল্প মনিটরিং বিষয়ক মাসিক প্রতিবেদন (আইএমইডি ফরম ০৫) এবং ত্রৈমাসিক প্রতিবেদন (আইএমইডি ফরম ০৩) প্রকল্প পরিচালক/ফোকাল পার্সন কর্তৃক স্বাক্ষরক্রমে সম্বলিতভাবে অধিদপ্তর প্রধানের অনুমোদনক্রমে মন্ত্রনালয়ে প্রেরণ করতে হবে।

ঘ. প্রকল্পের মেয়াদবৃদ্ধি বা ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে বিধিমোতাবেক যথেষ্ট সময় পূর্বে প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। পরিকল্পনা কমিশনের নির্দেশনা মতে বছরে ০২ বার নতুন প্রকল্প অন্তর্ভুক্তির জন্য ADP/RADP Management System (AMS) (adp.plancomm.gov.bd)-এ এন্ট্রি দিতে হবে।

ঙ. বিধিমোতাবেক প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয়পরিকল্পনা প্রণয়ন করে তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে;

চ. মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট (এমটিবিএফ) প্রণয়ণে অধিকতর সচেতন থাকতে হবে;

ছ. প্রকল্পসমূহ যথাযথ বাস্তবায়নের স্বার্থে পিআইসি এবং পিএসসি কমিটি সমূহের সভা নিয়মিত আয়োজন করতে হবে। ইতিমধ্যে আয়োজিত সভা সমূহের পরিসংখ্যান সভায় উপস্থাপন করা হলো **(পরিশিষ্ট "গ")**

জ. কাজের গুণগতমান বজায় রেখে প্রকল্প ভিত্তিক শতভাগ অর্থব্যয় নিশ্চিত করতে হবে;

ঝ. মেয়াদবৃদ্ধি ও ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে বিধিমোতাবেক সকল তথ্য ও আনুষাংঙ্গিক কার্যাদি সম্পন্ন করে পুর্ণাঙ্গ আরডিপিপি / প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

ঞ. সমাপ্ত প্রকল্পের ক্ষেত্রে যথাসময়ে পিসিআর প্রদান, অডিট সম্পন্নকরণ এবং আপত্তি থাকলে তা নিষ্পত্তি করতে হবে;

ট. প্রকল্পের আওতায় ক্রয়কৃত যানবাহন ও যন্ত্রপাতি বিষয়ে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঠ. প্রকল্পের অঙ্গভিত্তিক প্রাক্কলন যৌক্তিক হতে হবে। এক্ষেত্রে পিডব্লিউডির সর্বশেষ রেট শিডিউল অনুসরণ করতে হবে;

ড. প্রত্যেক প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলের নিয়মিত প্রকল্প পরিদর্শন করা এবং প্রকল্প এলাকায় সাইটবুক সংরক্ষণ করা যাতে পরিদর্শনকারী কর্মকর্তাগণ কাজের মান ও অন্যান্য বিষয়ে মতামত প্রদান করতে পারেন;

ঢ. পরিকল্পনা শাখা সমূহের দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। মন্ত্রণালয়ের অর্গানোগ্রামে ০৬ টি উন্নয়ন শাখায় প্রশাসনিক কর্মকর্তার পদ নেই। কাজের সুবিধার্থে উন্নয়ন শাখা সমুহে নিয়োজিত অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক দের অনুকূলে আইসিটি সেল হতে দ্রুত ই-নথি আইডি খুলতে হবে। উন্নয়ন শাখা সমূহের কর্মবিভাজন আদেশ জারী করতে হবে এবং সে অনুসারে অফিস সহকারীদের পদায়ন আদেশ জারী করতে হবে।

ন. যে সকল প্রকল্পের প্রকল্প পরিচালকের ই-নথিতে আইডি নেই জরুরি ভিত্তিতে ই-নথি আইডি তৈরি করতে হবে এবং দাপ্তরিক যোগাযোগ ই-নথি ব্যবহার করে করতে হবে। ব্যক্তিগত ই-মেইল ব্যবহারের পরিবর্তে দাপ্তরিক মেইল ব্যবহার করতে হবে।

ত. আইবাস++ সফটওয়্যারের মাধ্যমে প্রকল্প সমূহের (ibas.finance.gov.bd) অর্থবরাদ্দ, অর্থছাড়, অঙ্গভিত্তিক বিভাজন ও ব্যয় নিয়ন্ত্রন করা হয়। কিন্তু বেশ কয়েকটি প্রকল্পের তথ্যাদি হালনাগাদ নেই। বিধায় অর্থ বরাদ্দ ও অর্থব্যয়ে জটিলতা দেখা যায়। অর্থ বিভাগের সাথে সমন্বয় করে প্রকল্পসমূহের আইবাস++ এন্ট্রি হালনাগাদ তথ্য পরবর্তি সভায় অগ্রগতি জানাতে হবে। সফটওয়্যারটির ৩০ অক্টোবর পর্যন্ত তথ্যাদির একটি চিত্র সভায় উপস্থাপন করা হলো **(পরিশিষ্ট "ঘ")**।

থ. এডিপি/ আরএডিপি ম্যাজেনমেন্ট সিস্টেম ( এএমএস ) সফটওয়্যারটির (adp.plancomm.gov.bd) মাধ্যমে চলমান ও অন্তর্ভুক্ত প্রকল্প সমূহের মেয়াদ, বরাদ্দ, সংশোধন, নতুন প্রকল্প অন্তর্ভুক্তি নিয়ন্ত্রন করা হয়। এএমএস সফটওয়্যারে তথ্যাদি হালনাগাদ না থাকার কারণে প্রকল্পের অর্থছাড় ও ব্যয়নিয়ন্ত্রণ বাধাগ্রস্থ হয় এবং পরিকল্পনা প্রণয়নে জটিলতা তৈরি হয়। প্রকল্প পরিচালকবৃন্দ পরিকল্পনা কমিশনের সাথে সমন্বয় করে এএমএস সফটওয়্যারে সকল প্রকল্পের তথ্যাদি হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণ করবেন। ৩০ অক্টোবর, ২০২১ পর্যন্ত একটি তথ্যচিত্র সভায় উপস্থাপন করা হলো **( পরিশিষ্ট "ঙ" )** ।

দ. নতুন প্রকল্প অন্তর্ভুক্তির ক্ষেত্রে পরিকল্পনা কমিশন হতে সার্কুলার ইস্যু হলে এএমএস সফটওয়্যারের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। এ জন্য অধিদপ্তর সমূহের সংশ্লিষ্ট ডাটা অপারেটরকে প্রয়োজনীয় তথ্য ও উপাত্তসহ প্রস্তুত রাখতে হবে।

ধ. এডিপিভূক্ত প্রকল্পসমূহ যথাযথভাবে মনিটরিং এর জন্য নিয়মিত মাসিক এডিপি সভা আহ্বান করতে হবে। সে লক্ষ্যে প্রতিমাসের শেষ বুধবার পূর্ববর্তি মাসের এডিপি সভা আহ্বান করতে হবে। ঐ দিবসে সরকারি ছুটি থাকলে পরবর্তি কার্যদিবসে সভা আহ্বান করতে হবে। এ নির্দেশনা নভেম্বর, ২০২১ হতে কার্যকর হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নে:** মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, প্রশাসন শাখা, পরিকল্পনা শাখা, আইসিটি সেল এবং প্রকল্প পরিচালক ।

০৮। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১/১০/২০২১

**(বেগম মন্নুজান সুফিয়ান, এমপি)**
প্রতিমন্ত্রী
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।